

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-২২৮

অমরপুর, ৮ মে, ২০২৪

অমরপুর মহকুমায় রবীন্দ্র জন্মজয়ন্তী

অমরপুর মহকুমার রবীন্দ্র সংঘের প্রাঙ্গণে আজ কবিগুরু রবীন্দ্রনাথ ঠাকুরের জন্মজয়ন্তী উপলক্ষে কবি প্রণাম অনুষ্ঠানের আয়োজন করা হয়। সকাল ৭টায় রবীন্দ্র সংঘের প্রাঙ্গণে মহকুমা শাসক অমরেশ বর্মণ রবীন্দ্রনাথ ঠাকুরের মর্মর মূর্তিতে মাল্যদান ও পুষ্পার্ঘ্য অর্পণ করে শ্রদ্ধাজ্ঞাপন করেন। কবি প্রণাম অনুষ্ঠানে রবীন্দ্রনাথ ঠাকুরের জীবনী নিয়ে আলোচনা ও সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়।
